যুগান্তর

৩/১১/২০০৫

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৪ কলাম ৩ ...

# অউপজাতীয় ছাত্রছাত্রীদের প্রতি বৈষম্য

আমরা পার্বত্য অঞ্চলের অউপজাতীয় ছাত্রছাত্রী। সরকার পার্বত্য অঞ্চলের উপজাতীয় ও অউপজাতীয় ছাত্রছাত্রীদের জন্য নানারকম সুযোগ-সুবিধা প্রবর্তন করেছেন। এর মধ্যে শিক্ষাবৃত্তি, উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি কোটা, চাকুরিতে, পার্বত্য অঞ্চলের বাসিন্দাদের অগ্রাধিকার প্রদান ইত্যাদি। কিন্তু কার্যক্ষেত্রে এর সবই শুধু উপজাতীয় ছাত্রছাত্রী এবং বাসিন্দাদের জন্য সংরক্ষণ করা হয়েছে। যার প্রতিফলন ঘটেছে সাম্প্রতিক সময়ে পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক প্রদত্ত ছাত্রবৃত্তিতে। পার্বত্য অঞ্চলের অউপজাতীয় ছাত্রছাত্রীদের বাদ দিয়ে শুধু উপজাতীয় ছাত্রছাত্রীদের একচ্ছত্রভাবে বৃত্তি প্রদান কি অউপজাতীয় ছাত্রছাত্রীদের প্রতি বৈষম্যমূলক আচরণ নয়? এ ব্যাপারে সরকারের পার্বত্য চট্টগ্রাম বিষয়ক উপমন্ত্রী এবং সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আশু সুদৃষ্টি কামনা করছি।

**মোঃ আবুল কাশেম**
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম